

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ১৮, ২০১১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
বাস্তবায়ন ও মনিটরিং শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ২৯ পৌষ ১৪১৭/১২ জানুয়ারি ২০১১

নং ০৪.২২২.০৫৮.০০.০০.০১৪.২০১০-১৫৪—দারিদ্র বিমোচন এবং সামাজিক খাতের উন্নয়নকে অধিক গুরুত্ব দিয়ে সরকার কর্তৃক গৃহীত সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির আওতায় প্রকৃত সুবিধাভোগীরা যাতে সুবিধা পান এবং সুবিধাভোগী নির্বাচনে দ্বৈততা পরিহারের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির বাজেট, কর্মসূচি বাস্তবায়ন এবং উপকারভোগীর সংখ্যা ও তালিকা জেলাভিত্তিক মনিটরিং এর জন্য সরকার নিম্নরূপ একটি 'জেলা সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচি পরিবীক্ষণ কমিটি' গঠন করিয়াছে :

২। কমিটির গঠন :

ক্রমিক নং	পদবী		
(১)	জেলা প্রশাসক	-	সভাপতি
(২)	নির্বাহী প্রকৌশলী (এলজিইডি)	-	সদস্য
(৩)	সিভিল সার্জন	-	সদস্য
(৪)	উপ-পরিচালক (কৃষি)	-	সদস্য
(৫)	জেলা বন কর্মকর্তা	-	সদস্য
(৬)	জেলা মৎস্য কর্মকর্তা (মৎস্য)	-	সদস্য
(৭)	জেলা প্রাণি সম্পদ কর্মকর্তা (প্রাণি সম্পদ)	-	সদস্য

(৪৬১)

মূল্য : টাকা ২.০০

ক্রমিক নং	পদবী		
(৮)	জেলা আনসার এ্যাডজুটেন্ট	-	সদস্য
(৯)	জেলা খাদ্য নিয়ন্ত্রক	-	সদস্য
(১০)	উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা)	-	সদস্য
(১১)	উপ-পরিচালক (সমাজসেবা)	-	সদস্য
(১২)	উপ-পরিচালক (যুব উন্নয়ন অধিদপ্তর)	-	সদস্য
(১৩)	উপ-পরিচালক (বিআরডিবি)	-	সদস্য
(১৪)	জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার	-	সদস্য
(১৫)	জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	-	সদস্য
(১৬)	জেলা শিক্ষা অফিসার	-	সদস্য
(১৭)	জেলা প্রাথমিক শিক্ষা অফিসার	-	সদস্য
(১৮)	জেলা পরিসংখ্যান কর্মকর্তা	-	সদস্য
(১৯)	মেয়র, পৌরসভা	-	সদস্য
(২০)	উপজেলা নির্বাহী অফিসার	-	সদস্য
(২১)	চেয়ারম্যান, উপজেলা পরিষদ	-	সদস্য
(২২)	জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা	-	সদস্য-সচিব

৩। কমিটির কার্যপরিধি :

- (ক) জেলা পর্যায়ে সকল বিভাগ/দপ্তরসমূহের সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচির বাজেট পর্যালোচনা।
- (খ) জেলা পর্যায়ে সকল বিভাগ/দপ্তরসমূহের সামাজিক নিরাপত্তা বেটনী সংক্রান্ত কর্মপরিকল্পনা পরীক্ষা ও সমন্বয়।
- (গ) জেলা পর্যায়ে সামাজিক নিরাপত্তা বেটনী কর্মসূচিসমূহের উপকারভোগী নির্বাচনের নীতি, পদ্ধতি এবং তালিকা পর্যালোচনা।
- (ঘ) জেলা পর্যায়ে সার্বিক কার্যাদি পরিবীক্ষণ ও জেলা পর্যায়ে কর্মসূচি বাস্তবায়নের নির্দেশনা প্রদান।
- (ঙ) উক্ত কমিটি প্রতি ০৩ (তিন) মাসে একবার সভা আহ্বান করবে এবং এ সংক্রান্ত একটি প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করবে। কমিটি প্রয়োজনবোধে অন্য সদস্য কো-অপ্ট করতে পারবে।

৪। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খন্দকার আনোয়ারুল ইসলাম
অতিরিক্ত সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd